



Bangladesh Legal Aid Association
and Services Trust (BLAST)



Ain O Salish Kendra (ASK)



Action on Disability
and Development



National Council of
Disabled Women

প্রেস বিজ্ঞপ্তি

বিসিএস এবং জুডিসিয়াল সার্ভিসে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি বৈষম্যমূলক আচরণে সরকারের প্রতি
হাইকোর্টের কারণ দর্শাও রুল জারি

০৮ জুন ২০১০

প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি সমতা, সুযোগের সমতা এবং চাকুরীর অধিকারের প্রতি প্রতিবন্ধী ব্যক্তিদের মৌলিক অধিকারের ওপর বিসিএস(বাংলাদেশ সিভিল সার্ভিস) এবং জেএসসি(জুডিশিয়াল সার্ভিস কমিশন) নিয়মকানুনের কিছু নির্দিষ্ট বিষয় কেন অসাংবিধানিক ঘোষণা করা যাবেনা, এ ব্যাপারে হাইকোর্ট আজ দু'টি পিটিশনে সরকারের প্রতি একটি রুল নিশি জারি করেছে। এতে আরো কারণ দেখাতে বলা হয়েছে যে কেন তারা আইন অনুসারে বাংলাদেশ সিভিল সার্ভিস এবং জুডিশিয়াল সার্ভিসের ক্যাডার পদসমূহে প্রতিবন্ধী নাগরিকদের নিয়োগ দান নিশ্চিতকরণে তাদের কর্তব্য পালন ও ক্ষমতা প্রয়োগ করতে পারেননা।

পিটিশনারদের পক্ষে ড. কামাল হোসেন যুক্তি দেখান যে সাম্প্রতিক অবস্থা বিবেচনায় বিসিএস নিয়মকানুন সমূহের জরুরী পুন: নিরীক্ষণ প্রয়োজন, যেহেতু এই আইনটি ১৯৮২ সনের সামরিক আইনের কয়েক মাসের মধ্যে জারি করা হয়েছে এবং গণতন্ত্রের পরিপূর্ণ পরিপন্থী। তিনি এসব নিয়মকানুনের অযৌক্তিকতা তুলে ধরেন, যেখানে উচ্চতা, ওজন, দৃষ্টি ক্ষমতা এবং শ্রবণ ক্ষমতার ওপর ভিত্তি করে যোগ্যতা যাচাই করা হয়।

চার সপ্তাহের মধ্যে রুলটি প্রত্যর্পনযোগ্য।

বিচারক মমতাজ উদ্দীন আহমেদ এবং বিচারক নাজমা হায়দার সম্মুখে একটি ডিভিশন বেঞ্চ রুলটি জারি করেন। পিটিশনারদের পক্ষে ড. কামাল হোসেন, ব্যারিস্টার সারা হোসেন, খন্দকার শাহরিয়াল শাকির এবং কাজি জাহেদ ইকবাল হাজিরা দেন। এটর্নি জেনারেল মাহবুবে আলম, মোস্তফা জামান ইসলাম এবং প্রতিকার চাকমা সরকারের পক্ষে হাজিরা দেন।

পটভূমি

২০১০ সনের ১৮ এপ্রিল প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার আন্দোলনকারি এবং জনস্বার্থ সংশ্লিষ্ট আইনজীবীদের একটি কোয়ালিশন জুডিশিয়াল সার্ভিস কমিশন এবং পাবলিক সার্ভিস কমিশনের শিডিউল ৩ এর বিরুদ্ধে দু'টি পিটিশন করে। এই শিডিউলটি প্রতিবন্ধী ব্যক্তিদের জুডিশিয়াল সার্ভিস কমিশন এবং পাবলিক সার্ভিস

কমিশনে নিয়োগে বাধা প্রদান করে। পিটিশনাররা যুক্তি দেখান যে এ ধরনের প্রাতিষ্ঠানিক বৈষম্য প্রতিবন্ধী ব্যক্তিদের মৌলিক অধিকার বিশেষত: পেশার স্বাধীনতা এবং সরকারি চাকুরিতে নিয়োগ প্রাপ্তির অধিকার হরণ করে। তারা বলেন যে প্রতিবন্ধী ব্যক্তিদের চাকুরি প্রদানের ক্ষেত্রে সরকারের এ ধরণের ব্যর্থতা প্রতিবন্ধী কল্যাণ আইন ২০০১ অনুযায়ী কর্তব্যে অবহেলার সামিল।

বাস্তব অভিজ্ঞতা: এডিডি'র কান্ডি ডিরেক্টর মোশাররফ হোসেনকে শারীরিক প্রতিবন্ধিতার কারণে ১৯৮৭ সনে বিসিএস পরীক্ষার অংশগ্রহণ করতে দেয়া হয়নি। এডভোকেট স্বপন চৌকিদার বিসিএস পরীক্ষার জন্য মনোনীত হলেও তাকে দৃষ্টি প্রতিবন্ধিতার কারণে পরীক্ষায় অংশ নিতে দেয়া হয়নি। প্রতিবন্ধী জাহিদুল ইসলাম কক্সবাজারে স্বাস্থ্য সহকারি পদে ৭৮ জন মনোনীত প্রার্থীর একজন হলেও তাকে প্রতিবন্ধিতার কারণে নিয়োগ দেয়া হয়নি। শারীরিক প্রতিবন্ধী ওবায়দুল ইসলাম লালন ক্যানসার গবেষণা ইনস্টিটিউটে চাকুরীর জন্য উত্তীর্ণ হয়েছিলেন, কিন্তু যখন কর্তৃপক্ষ দেখে যে তিনি প্রতিবন্ধী, তখন তাকে বাদ দিয়ে অন্যজনকে নেয়া হয়।

২৫ এপ্রিল ২০১০ তারিখে হাইকোর্ট ৩০ দিনের মধ্যে প্রতিবন্ধী কল্যাণ আইনের সভাপতি এবং সচিবকে আইনটির সেকশন ৬(২) এবং শিডিউল 'চ' তে যেসব বাধ্যবাধকতা বাস্তবায়নের ব্যাপারে বলা হয়েছে, সে সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করতে নির্দেশ দেন। সম্মানিত আদালত লক্ষ্য রাখেন যাতে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়। গতকাল কমিটি আদালতের কাছে একটি প্রতিবেদন পেশ করে, কিন্তু সেখানে এখন পর্যন্ত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সুবিধার ক্ষেত্রে কি কি পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়েছে, তার কোন উল্লেখ নেই। ইতিপূর্বে জুডিশিয়াল সার্ভিস কমিশন কোর্টের কাছে একটি শপথনামা পেশ করে যাতে দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তির বিচারক পদে সক্ষম নয় বলে দাবী করা হয়। এতে আরো বলা হয় যে জেএসসি(জুডিশিয়াল সার্ভিস কমিশন) নিয়মকানুনসমূহ আপীলাত বিভাগের অনুমোদন ছাড়া পরিবর্তন করা যাবেনা।

পিটিশনারদের মধ্যে ছিলেন দৃষ্টিপ্রতিবন্ধী আইনজীবী স্বপন চৌকিদার (যাকে জেএসসি এবং পিএসসি পরীক্ষা দিতে প্রত্যাখ্যান করা হয়েছিল) এবং চারটি মানবাধিকার এবং প্রতিবন্ধী অধিকার সংগঠন একশন অন ডিজ্যাবিলিটি এন্ড ডেভেলপমেন্ট(এডিডি), আইন ও সালিশ কেন্দ্র(আসক), বাংলাদেশ লিগ্যাল এইড সার্ভিসেস ট্রাস্ট(ব্লাস্ট) এবং ন্যাশনাল কাউন্সিল অব ডিজ্যাবল্ড উইমেন(এনসিডিউরিউ)।

For further information, please contact:

Ms Sara Hossain shossain@khossain.com;

Mr. Khondoker Shahriar Shakir, Email: shakir.khondoker@gmail.com, 01674594819

Mr. Kazi Zahed Iqbal gazizahediqbal@yahoo.com 01715052628

Mosharraf Hossain, ADD, mosharraf1964@gmail.com , 01819238635

Mr. Fazlul Azim, NCDW, azim.ncdw@gmail.com, 01191011008, 01712925665

Ms. Mahbuba Akhter, BLAST, 01191365001, akhtermahbuba@hotmail.com



মহসিন আলী খান
নির্বাহী পরিচালক
বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট
(ব্লাস্ট)
১/১ পাইওনিয়ার রোড, ওয়াইএমসিএ ভবন
কাকরাইল, ঢাকা।



সুলতানা কামাল
নির্বাহী পরিচালক
আইন ও সালিশ কেন্দ্র (আসক)
৭/১৭, ব্লক সি, লালমাটিয়া
ঢাকা।



Himm Hossain
মোশাররফ হোসাইন
কান্ট্রি ডিরেক্টর
একশান অন ডিজএবিলিটি এন্ড
ডেভলপমেন্ট (এডিডি)



National Council of Disabled Women